সমকাল

তারিখ : 21 OCT 2015
পৃষ্ঠা 4 কলাম 2

# নিয়োগ কমিশনে বেসরকারি শিক্ষকদের অন্তর্ভুক্তি দাবি

■ সমকাল প্রতিবেদক

সদ্যঘোষিত বেসরকারি শিক্ষক নিয়োগ কমিশনের কাঠামো কী হবে, তা পরিষ্কার করার দাবি জানিয়েছে স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ)। একই সঙ্গে এই কমিশনে বেসরকারি শিক্ষকদের প্রতিনিধিত্ব রাখাসহ ৫ দফা দাবি জানিয়েছেন তারা।

গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানান শিক্ষক নেতারা। সংবাদ সম্মেলনে, সংগঠনের সাধারণ সম্পাদক শাহজাহান আলম সাজু বলেন, শিক্ষানীতি বাস্তবায়ন, শিক্ষার মানোন্নয়ন এবং ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে শিক্ষক সমাজের ভূমিকাই সবচেয়ে বেশি। সবদিক বিবেচনায় বর্তমান শিক্ষা ও শিক্ষকবান্ধব সরকার স্বাশিপের পাঁচ দফা দাবি মেনে নেবে। শিক্ষাব্যবস্থা পুরো জাতীয়করণ করলে সরকারকে তারা সহযোগিতা করতে প্রস্তুত। শিক্ষাব্যবস্থা জাতীয়করণ ছাড়াও স্বাশিপের পাঁচ দফা দাবির মধ্যে ছিল বেসরকারি শিক্ষক নিয়োগ কমিশনে শিক্ষকদের অন্তর্ভুক্তি, স্বতন্ত্র বেতন স্কেল প্রদান, অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টে পর্যাপ্ত অর্থ বরাদ্দ এবং নন-এমপিওভুক্ত শিক্ষকদের এমপিওভুক্তি।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী, অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী ও অধ্যক্ষ শাহাদাৎ হোসেন রানা প্রমুখ।